"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৮২ তারিখঃ ০৬ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮০৮ তম কমিশন সভা অদ্য ২০/০১/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'UCB Taqwa Growth Fund (Open-end)'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৩৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'UCB Asset Management Limited' ০৫ কোটি টাকা প্রদান করেছে (ফান্ডের প্রাথমিক আকারের ১৪.২৮৫ শতাংশ) এবং বাকি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'UCB Asset Management Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

০২. কমিশন অদ্যকার সভায়, Envoy Textile Limited এর ৮৭ (সাতাশি) কোটি টাকার ০৫ (পাঁচ) বছর মেয়াদী Fully Redeemable Non-Convertible Cumulative Preference Share এর প্রস্তাব অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত Preference Share টি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে যার অভিহিত মূল্য ১০ টাকা, কুপন হার ৭%-৭.৫০%। উল্লেখ্য, এই ইস্যুর মাধ্যমে Envoy Textile Limited এর একটি Blended Yarn Project বাস্তবায়ন এবং ব্যাংক ঋণ পরিশোধ করা হবে।

20-01-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd